# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 03-03-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) নাগরিকত্ব সংশোধন আইন-CAA-এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদন খতিয়ে দেখতে কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে।

২) বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা, পশ্চিমবঙ্গ থেকে দলের রাজ্যসভার প্রার্থী হচ্ছেন।

৩) আজ দোল পূর্ণিমা। রং-এর উৎসবে মাতোয়ারা গোটা পশ্চিমবঙ্গ। চলতি বছরের প্রথম পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ ছিল আজ।

৪) মহিলাদের অনূর্ধ্ব-২৩ একদিনের ক্রিকেটে বাংলা, গুজরাতকে ২১৭ রানে হারিয়ে দিয়েছে।

৫) ICC T-20 ক্রিকেট বিশ্বকাপ সেমি ফাইনাল উপলক্ষে আগামীকাল যাত্রী সুবিধার্থে কলকাতা মেট্রোর ব্লু লাইনে Esplanade-দক্ষিণেশ্বর এবং Esplanade-শহীদ ক্ষুদিরাম এর মধ্যে বিশেষ ট্রেন চলবে।

-----------------------------------------------------------------------------------

সংশোধিত নাগরিকত্ব আইন (CAA) এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন

করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের এক গেজেট বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কমিটির নেতৃত্বে থাকবেন ডেপুটি সেক্রেটারি বা তার উর্ধ্বতন পদমর্যাদার কোনো আধিকারিক। এই আধিকারিককে মনোনীত করবেন ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার। বিপুল সংখ্যক আবেদনের দ্রুত নিষ্পত্তির জন্য দুটি অতিরিক্ত প্যানেল গঠনেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই এধরনের দুটি কমিটি রয়েছে।

আগেই জানানো হয়েছে, সংশোধিত নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর আওতায় পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ থেকে আসা হিন্দু, শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি ধর্মাবলম্বীদের নাগরিকত্ব প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ২০১৪ এর ৩১ শে ডিসেম্বরের আগে যারা নিজেদের দেশে ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় ভারতে এসেছিলেন তারাই এর আওতায় পড়বেন।

---------------------

মালদার হরিশ্চন্দ্রপুর-১নং ব্লকের তুলসীহাটা গ্রাম পঞ্চায়েতের সালালপুর এলাকায় আজ বি.এল.ও-কে ঘিরে তার বাড়ির সামনে ভোট বয়কটের হুঁশিয়ারি দিয়ে বিক্ষোভ দেখালেন গ্রামের বিচারাধীন ভোটাররা। বি.এল.ও নিজেই ভোটার তালিকায় বিচারাধীন রয়েছেন। সালালপুর-৮৬নং বুথ এলাকায় মোট ভোটার সংখ্যা ১ হাজার ২৯১। এরমধ্যে প্রায় অর্ধেক ভোটারের নাম এসেছে বিচারাধীন তালিকায়। এর প্রতিবাদেই আজ বিচারাধীন তালিকায় থাকা ভোটাররা ৮৬নং বুথের বি.এল.ও মনব্বর হোসেনের বাড়ির সামনে তাকে ঘিরে বিক্ষোভ দেখান।

---------------------

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা পশ্চিমবঙ্গ থেকে দলের রাজ্যসভার প্রার্থী হচ্ছেন। নতুন দিল্লীতে আজ বিজেপির এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা ঘোষণা করা হয়। শ্রী সিনহা দীর্ঘদিন দলের সাংগঠনিক স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। রাজ্যে বিজেপির সূচনার সময় থেকেই তিনি সক্রিয়ভাবে এর সঙ্গে যুক্ত ছিলেন। বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতিও ছিলেন রাহুল সিনহা।

রাজ্যসভার প্রার্থী হিসাবে মনোনীত হওয়ার পর রাহুল সিনহা সাংবাদিকদের বলেন, তিনি দলের সংগঠনকে মজবুত করার লক্ষ্যে সবরকমের চেষ্টা চালিয়ে যাবেন।

বাইট

উল্লেখ্য পশ্চিমবঙ্গের ৫ টি সহ ১০ রাজ্যের ৩৭ টি রাজ্যসভার আসনে ভোট নেওয়া হবে ১৬ ই মার্চ। ৫ ই মার্চ পর্যন্ত মনোনয়নন পত্র দাখিল করা যাবে।

-----------------------

জাতীয় মহিলা কমিশন, কলকাতা পুলিশের এক থানার ওসির বিরুদ্ধে মহিলা সিভিক ভলেন্টিয়ার কে যৌন হেনস্তার অভিযোগ সম্পর্কে রাজ্য পুলিশের ডিজির কাছে রিপোর্ট তলব করেছে। ডিজি পীযূষ পান্ডে কে লেখা কমিশনের ওই চিঠিতে, নির্দিষ্ট সময়ের মধ্যে তদন্ত শেষ করে অভিযুক্ত পুলিশ আধিকারিকের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে এফআইআর করার কথাও বলা হয়েছে।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, যথাযথ প্রমাণ সংরক্ষণ এবং অভিযোগকারীনিকে সব ধরনের নিরাপত্তা দেওয়ার কথাও বলা হয়েছে ওই চিঠিতে। পাঁচ দিনের মধ্যে ডিজিকে পাঠানো ওই রিপোর্টে - এফআইআর হয়েছে কিনা, তদন্ত কতদূর এগিয়েছে এবং ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে তার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে তাও উল্লেখ করতে বলা হয়েছে।

-----------------------

পশ্চিম বর্ধমানের সালানপুর থানার রূপনারায়নপুরে দলীয় পতাকা লাগানোর সময় বিজেপি কর্মীদের উপর হামলার অভিযোগ উঠেছে তৃনমুল কংগ্রেসের বিরুদ্ধে। ২ পক্ষের মধ্যে হাতাহাতির জেরে গুরুতর আহত এক বিজেপি কর্মী। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তৃনমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

এই ঘটনার প্রতিবাদে বিজেপি আজ আসানসোল চিত্তরঞ্জন রোড অবরোধ করে , টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখায়। মিনিট পনেরো পর পুলিশি হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

-----------------------

রাজ্যের চর্ম শিল্পকে আরও রপ্তানিমুখী করে তুলতে বিশ্বব্যাঙ্ক সমর্থিত 'রেইজিং অ্যান্ড অ্যাকসেলারেটিং এমএসএমই প্রোডাক্টিভিটি' বা র‍্যাম্প কর্মসূচির অধীনে কলকাতা ও সংলগ্ন এলাকার এমএসএমই ও ট্যানারিগুলির জন্য দক্ষতা বৃদ্ধির বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প এবং বস্ত্র দপ্তর সূত্রে জানা গিয়েছে, কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় চর্ম শিল্পকে অগ্রাধিকার ক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এই প্রকল্পের অঙ্গ হিসেবে ইতোমধ্যেই দরপত্র ডাকা হয়েছে। নির্বাচিত সংস্থা কলকাতা ও সংলগ্ন চামড়া শিল্প ক্লাস্টারগুলিতে বিশেষ সমীক্ষা চালিয়ে প্রযুক্তিগত জ্ঞান, আর্থিক সাক্ষরতা ও ডিজিটাল সক্ষমতার ঘাটতি চিহ্নিত করবে। সেই সমীক্ষার ভিত্তিতেই তৈরি হবে ক্ষেত্র ভিত্তিক প্রশিক্ষণের রূপরেখা। দপ্তর সূত্রে জানা গিয়েছে, অন্তত ৫০টি প্রশিক্ষণ শিবির আয়োজনের পরিকল্পনা রয়েছে, প্রতিটি শিবিরে কমপক্ষে ৫০ জন

এমএসএমই উদ্যোক্তা অংশ নেবেন। প্রশিক্ষণের বিষয়গুলির মধ্যে থাকবে রপ্তানির প্রস্তুতি, ই-কমার্স সংযোগ, পণ্য উন্নয়ন ও ব্র্যান্ডিং, আর্থিক সচেতনতা, ডিজিটাল ঋণের সুবিধা, মান নিয়ন্ত্রণ ও দীর্ঘস্থায়ী উৎপাদন পদ্ধতি। মহিলা উদ্যোক্তা ও প্রান্তিক ব্যবসায়ীদের জন্যও বিশেষ উদ্যোগ নেওয়া হবে।

-----------------------

উত্তরবঙ্গের ক্ষুদ্র চা চাষিদের জন্য স্বল্পসুদের ঋণ প্রকল্পে অনুমোদন দিল জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক বা নাবার্ড। এই প্রকল্পের আওতায় প্রথমবারের মতো উত্তরবঙ্গের প্রায় ৫০ হাজার ক্ষুদ্র চা বাগান প্রাতিষ্ঠানিক ঋণের সুবিধা পেতে চলেছে।

জলপাইগুড়ি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে , ব্যক্তিগত মালিকানাধীন ক্ষুদ্র চা বাগান এবং সমবায়ের অধীনে পরিচালিত চাষিরা প্রত্যেকে ১ লক্ষ ৪৩ হাজার টাকা পর্যন্ত ঋণ ৭ শতাংশ সুদে পাবেন।

তবে ঋণগ্রহীতা যদি এক বছরের মধ্যে সম্পূর্ণ অর্থ শোধ করে দেন, তা হলে সুদের হার হ্রাস পেয়ে হবে ৪ শতাংশ। দ্বিতীয় বছরে একই সুদের হারে অতিরিক্ত ৬৪ হাজার টাকা ঋণ দেওয়া হবে বলেও জানানো হয়েছে।এই প্রকল্প নাবার্ডের রিফাইন্যান্স প্রক্রিয়ার আওতায় আনা হয়েছে। ফলে ক্ষুদ্র চা চাষিদের আর্থিক সুরক্ষা এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে তা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেই মনে করা হচ্ছে।

-----------------------

আজকের প্রসঙ্গ-এ আজ শুনবেন বিশেষ আলোচনা বিশ্ব রাজনৈতিক প্রেক্ষাপটে ভারত। প্রফেসর ইমন কল্যাণ লাহিড়ীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-----------------------

আজ দোলযাত্রা। রঙের উৎসবে মেতে উঠেছে আবালবৃদ্ধবনিতা।

গান

ঋতুরাজ বসন্তের আবাহনে সকাল থেকেই সকলে রং খেলায় মেতে ওঠে। শিশু কিশোরদের রাস্তায় পিচকিরি নিয়ে একে অপরের গায়ে রং দিতে দেখা যায়। অনেক জায়গায় আয়োজন করা হয় নগর সংকীর্তন ও বসন্ত উৎসবের। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

নদিয়ার নবদ্বীপ ও মায়াপুরে আজ দোল পূর্ণিমায় শ্রীচৈতন্য মহাপ্রভু-র আবির্ভাব দিবস উদযাপিত হচ্ছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট নদীয়া

প্রাচীন এই দুই শহরেই ভক্তদের ঢল নেমেছে। দূরদূরান্ত থেকে হাজার হাজার পূণ্যার্থী সমবেত হয়েছেন। এই উপলক্ষে এক মাসব্যাপী ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। নবদ্বীপের গৌড়ীয়মঠে আজ মহাপ্রভুর ৫৪০ তম আবির্ভাব দিবসের স্মরণে ৫৪০ দি প্রদীপ জ্বেলে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

জেলার কল্যাণী-র ঘোষপাড়ায় বসেছে ঐতিহ্যবাহী সতীমার মেলা। পূণ্যার্থীরা স্নান সেরে ডালিম গাছে ঢিল বেঁধে মানত করছেন। মেলায় আখড়ায় আখড়ায় চলছে বাউল গান—আধ্যাত্মিক সুরে মুখর হয়ে উঠেছে চারদিক। আশপাশের বিভিন্ন জেলা থেকে

বাউল শিল্পীরা এসেছেন। এদিকে দোলে শান্তিপুরে ও ঘরে ঘরে লক্ষী পূজার মত গোপালপুজোর আয়োজন চলেছে।

কোচবিহার মহারাজাদের কূল দেবতা মদনমোহনের দোল উৎসব উপলক্ষে সেজে উঠেছে মদনমোহন মন্দির চত্বর। মন্দির চত্বরে সাধারণ মানুষের ভিড় মদন মোহন কে আবির দিয়ে রাঙিয়ে দেওয়ার জন্য। প্রতিবছর এ উৎসবে মদনমোহন মন্দিরে শয়ে শয়ে মানুষ সামিল হন।

হুগলীর গুপ্তিপাড়ায় বৃন্দাবন মন্দিরে চলছে বিশেষ পূজার্চনা।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট শহরের শতাব্দী প্রাচীন বুড়াকালী মাতার মন্দিরে ভক্তদের ঢল নেমেছে।

তবে এবছর শান্তিনিকেতনে দোলে বসন্ত বন্দনা হয়নি। বন্ধ ছিল সোনাঝুরি হাটও। বিশ্বভারতী কর্তৃপক্ষ দোল উপলক্ষে আজ ছুটি ঘোষণা করে। পরিবর্তে আগামী ৫ এবং ৬ই মার্চ গৌড়প্রাঙ্গনে বসন্ত বন্দনার আয়োজন করা হয়েছে।

পলাশের দেশ পুরুলিয়াতেও আজ বসন্ত উৎসবে মেতে ওঠেন সাধারণ মানুষ। তবে চূড়ান্ত দূষনে জেরবার রঘুনাথপুর এলাকার ঝাড়ু খামারের বাসিন্দারা দোলের দিনই পথে নেমে বিক্ষোভ দেখান। তাদের দাবি ঝাড়ুখামারে ২০০ কারখানা নিয়ম মেনে না চলায় সেখানে দূষণ ছড়াচ্ছে। বাতাসে দূষণের মাত্রা - (AQI) ২০০-র ওপরে থাকায় ঘরে ঘরে শ্বাসকষ্ট ও গবাদি পশুর অকাল মৃত্যু হচ্ছে। জেলা প্রশাসনকেও জানিয়েও কোনো সুরাহা হয়নি। এরই প্রতিবাদে স্থানীয় বাসিন্দারা আজ কালো হোলি পালন করেন।

পাঁচশো বছরের বেশি প্রাচীন পূর্ব বর্ধমানের পূর্ব স্থলী ১ ব্লকের দোগাছিয়ায় ঐতিহ্যবাহী চারদিনের দোল উৎসবকে কেন্দ্র করে বসেছে মেলা ও সাংস্কৃতিক উৎসব। আশপাশের বিভিন্ন গ্রামের মানুষ এই উৎসবে সামিল হন।

তবে বর্ধমান শহরে দোল হবে একদিন পর অর্থাৎ আগামীকাল। রাজ আমল থেকে এই নিয়ম চলে আসছে। আজ অর্থ্যাৎ দোলের দিন বর্ধমান রাজ পরিবারের কূল দেবতা লক্ষী নারায়ন জিউয়ের রং খেলার দিন নির্দিষ্ট করা হয়। পরের দিন রাজপরিবারের সদস্য এবং প্রজারা রং খেলতেন। সেই প্রথাকে মান্যতা দিয়ে আজকের দিনে কোনো রং বা আবির খেলে না বর্ধমান বাসী। আজ শুধুমাত্র দেবতাদের পায়ে রং দেওয়া হয়। ত্রিপুরায় রাজ আমল থেকে দোল উৎসব পালন করা হয়। রাজবাড়ি থেকে প্রভুবাড়ি সর্বত্র চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় এই উৎসব পালিত হয়। আগরতলার, জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, লক্ষ্মীনারায়ণ জিউ মন্দিরে ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি দোল পূর্ণিমা উৎসব পালন করা হয়।

মালদাতেও আগামীকাল রং খেলা হবে। সেখানে আজ দেবতার পায়ে আবির দিয়ে দেবদোল পালন করা হয়।

-----------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হোলির প্রাক্কালে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তাঁর বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, হোলি হল আনন্দের উৎসব। এর উদযাপন সামাজিক সম্প্রীতির বার্তা বহন করে। রাষ্ট্রপতি মুর্মু বলেন, এই উৎসব সমাজে ভালোবাসা ও আশার প্রসার ঘটায় এবং সামাজিক সংহতির চেতনাকে শক্তিশালী করে। তিনি হোলিকে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের প্রতীক বলে অভিহিত করেছেন।

-----------------------

দোল পূর্ণিমা উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী শাহ জানিয়েছেন, ভগবান কৃষ্ণের আশীর্বাদ

সবার ওপর বর্ষিত হোক। প্রত্যেক নাগরিকের জীবন আনন্দময় হয়ে উঠুক। তিনি এই রঙয়ের উৎসবে সকলের সুস্বাস্থ্য কামনা করেছেন।

-----------------------

আজ ছিল চলতি বছরের প্রথম পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ। বিকেল তিনটে কুড়ি মিনিটে গ্রহণ শুরু হয়। চলে ৬ টা বেজে ৪৮ মিনিট পর্যন্ত। পূর্ণ গ্রাস গ্রহণের স্থায়ীত্ব ছিল বিকেল ৪ টে ৩৪ থেকে ৫ টা ৩৩ মিনিট পর্যন্ত। চাঁদ ওঠার সময় দেশের পশ্চিম অংশের কিছু জায়গা ছাড়া প্রায় সব জায়গা থেকেই এই গ্রহণ প্রত্যক্ষ করা যায়।

উল্লেখ্য, এরপর ২০২৮ সালের ৬ই জুলাই ভারত থেকে চন্দ্রগ্রহণ দেখা যাবে।

-----------------------

মহিলাদের অনূর্ধ্ব ২৩ ওয়ান ডে ট্রফি ক্রিকেটে বাংলা আজ গুজরাতকে ২১৭ রানে হারিয়ে দিয়েছে। বাংলা প্রথমে ব্যাট করে ৮ উইকেটে ৩২৪ রান করে। জবাবে গুজরাত ১০৭ রানে অলআউট হয়ে যায়।

-----------------------

ICC T-20 ক্রিকেট World Cup সেমি ফাইনাল ম্যাচ দেখতে আসা ক্রিকেট প্রেমীদের সুবিধার্থে কলকাতা মেট্রোর ব্লু লাইনে আগামীকাল ( 04.03.26) Esplanade - দক্ষিণেশ্বর এবং Esplanade - শহীদ ক্ষুদিরাম এর মধ্যে বিশেষ মেট্রো পরিষেবা দেওয়া হবে। উভয় দিকেই  Esplanade থেকে রাত ১১ টা ১৫ মিনিটে  বিশেষ পরিষেবা শুরু হবে এবং সমস্ত স্টেশনে তা থামবে।

এই  বিশেষ পরিষেবার জন্য Esplanade Metro স্টেশনে বুকিং কাউন্টার খোলা থাকবে বলে মেট্রো রেল সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, ইডেনে আগামীকাল টি টোয়েন্টি বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা ও নিউজ়িল্যান্ড মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধে ৭ টায়। মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে বৃহস্পতিবার দ্বিতীয় সেমিফাইনালে খেলবে ভারত। প্রতিপক্ষ ইংল্যান্ড।

ফাইনাল হবে রবিবার।

---------------------- ----------------------